

মিরপুর উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভায় কার্যবিবরণী

সভাপতি : জনাব মোছাঃ মর্জিনা খাতুন, মহিলা-ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।

তারিখ : ০৫/০৮/২০২০,

সময় : ১০ঃ০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ, মিরপুর, কুষ্টিয়া।

উপস্থিত সদস্যগণের নামের তালিকাঃ

ক্রমিক নং	নাম, পদবী ও ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	জনাব মোছাঃ মর্জিনা খাতুন, মহিলা-ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া	সভাপতি	স্বাক্ষরিত
২	চেয়ারম্যান, পোড়াদহ ইউপি, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য	স্বাক্ষরিত
৩	চেয়ারম্যান, বারুইপাড়া ইউপি, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য	স্বাক্ষরিত
৪	চেয়ারম্যান, ধুবইল ইউপি, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য	স্বাক্ষরিত
৫	সংরক্ষিত মহিলা সদস্য, ০৪ নং ওয়ার্ড, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া	সদস্য	--
৬	উপজেলা শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য সচিব	স্বাক্ষরিত

অদ্যকার সভায় মিরপুর উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া। এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন প্রকার সংশোধন ছাড়াই সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী উপজেলা শিক্ষা অফিসার পর্যায়ক্রমিকভাবে নিম্নোক্ত বিষয়গুলো উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়সমূহ	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	ক্রীড়া সামগ্রী সরবরাহ	সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সরকারিভাবে ক্রীড়া সামগ্রী সরবরাহ অত্যন্ত সীমিত, এমনকি নেই বললেই চলে। শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য পড়াশোনার পাশাপাশি সহপাঠক্রমিক কার্যক্রম জোরদার করার জন্য শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া সামগ্রী সরবরাহ করতে হবে।	উপজেলা পরিষদ
২	অতি জরাজীর্ণ বিদ্যালয়ে টিনসেড ভবন নির্মাণ	অত্র উপজেলার প্রায় ১৫ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনগুলো পাঠদানের অনুপযোগি হয়ে পড়েছে। যেকোন সময় পাঠদানকালে মারাত্মক দুর্ঘটনা ঘটে যেতে পারে। এজন্য পর্যায়ক্রমিকভাবে বিদ্যালয়ে বিদ্যালয় গুলোতে উপজেলা পরিষদের নিজস্ব তহবিল হতে প্রায় ২,০০,০০০/- টাকা করে টিনসেড ভবন নির্মাণের বরাদ্দ প্রদান করা যেতে পারে।	উপজেলা পরিষদ
৩	স্লিপ কার্যক্রম মনিটরিং ও বাস্তবায়ন প্রসঙ্গে	২০২০-২১ অর্থ বছরে অত্র উপজেলায় ১১০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৪০,০০০/- টাকা হারে মোট ৪৪,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উপজেলা শিক্ষা অফিসার উক্ত উন্নয়ন কাজ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। স্লিপ পরিচালনায় সকল বিদ্যালয়ের শ্রেণিকক্ষে ১টি করে ব্লুডি, প্রতিটি বিদ্যালয়ে কমপক্ষে ১০টি নেইল কার্টার এবং গোড়ায় সিসি ঢালাইকৃত স্লীলের ফ্লাগ স্ট্যান্ড রেখে ক্রয় নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়
৪	প্রাথমিক বিদ্যালয়ে বেঞ্চ সরবরাহ	সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সরকারিভাবে বেঞ্চ সরবরাহ অত্যন্ত সীমিত, এমনকি নেই বললেই চলে। অনেকে বিদ্যালয়ে বেঞ্চের অভাবে পাঠদান ব্যহত হচ্ছে। বিদ্যালয়ের পাঠদান সচল রাখার জন্য বেঞ্চ সরবরাহ করতে হবে।	উপজেলা পরিষদ

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ মর্জিনা খাতুন)

মহিলা ভাইস-চেয়ারম্যান

উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।।

ও

সভাপতি

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
মিরপুর, কুষ্টিয়া।